

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স- ৪৬৪৮

আগরতলা, ২০ জানুয়ারি, ২০২৪

গীতারানী দাস স্মৃতি প্রাইজম্যানি নক আউট ভলিবল  
বর্তমান সরকার খেলাধুলার বিকাশে বিশেষ নজর দিয়েছে : মুখ্যমন্ত্রী

খেলাধুলার মাধ্যমে মানুষের যে শারীরিক ও মানসিক বিকাশ ঘটে তা অন্য কোনও মাধ্যমে সম্ভব নয়। রাজ্যের বর্তমান সরকার খেলাধুলার বিকাশে বিশেষ নজর দিয়েছে। আজ সন্ধ্যায় অরুন্ধতীনগর দ্বাদশ শ্রেণী স্কুল মাঠে দু'দিনব্যাপী প্রথম গীতারানী দাস স্মৃতি প্রাইজম্যানি নক আউট ভলিবল প্রতিযোগিতার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, খেলাধুলার পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে নানা পদক্ষেপ নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের খেলো ইন্ডিয়া কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে রাজ্য সরকারের পক্ষ থেকে খেলো ত্রিপুরা কর্মসূচি শুরু করা হয়েছে। খেলাধুলার মাধ্যমে যাতে কর্মসংস্থানেরও সৃষ্টি হয় সেদিকে নজর দেওয়া হয়েছে। খেলাধুলার বিকাশে যে সমস্ত পদক্ষেপ নেওয়া হয়েছে তাতে সুফল পাওয়া যাচ্ছে। খেলাধুলার অঙ্গনে ত্রিপুরা এখন ভালো ফলাফল করছে। সর্বভারতীয় স্তরে বিভিন্ন ইভেন্টে ত্রিপুরার ছেলেমেয়েরা প্রশংসা কুড়িয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন, রাজ্যের খেলাধুলার মানের অনেক উন্নতি ঘটেছে। বিভিন্ন জাতীয় ইভেন্টে ত্রিপুরার ফলাফল এখন যথেষ্ট ভালো হচ্ছে। যুব সমাজ যাতে নেশার প্রতি আকৃষ্ট না হতে পারে সে লক্ষ্যে খেলাধুলার দিকে বিশেষ নজর দেওয়া হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পুরনিগমের ৩৯ নং ওয়ার্ডের কর্পোরেটর অলক রায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক মীনারানী সরকার, মার্কফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা প্রমুখ। দু'দিনব্যাপী এই প্রতিযোগিতায় ২১টি দল অংশ নিয়েছে। উদ্বোধনী ম্যাচে বীরাম্মা কালীবাড়ি ২৫-২০, ২০-২৫, ১৫-১৩ পয়েন্টে ত্রিপুরা পুলিশ 'এ' দলকে হারিয়েছে।

\*\*\*\*\*